

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৭২
জম্মুইজলা, ১৯ নভেম্বর, ২০২৪

গুরু শিষ্য পরম্পরা প্রকল্প
জম্মুইজলায় চঙপ্রেং বাদ্যযন্ত্রের উপর কর্মশালা

গুরু শিষ্য পরম্পরা প্রকল্পে জম্মুইজলা ব্লকের শ্যামাচরণপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গতকাল থেকে ৬ মাস ব্যাপী চঙপ্রেং বাদ্যযন্ত্রের উপর এক কর্মশালা শুরু হয়েছে। ইস্টার্ন জোনাল কালচারেল সেন্টারের উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগতায় এই কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালার উদ্বোধন করেন ইস্টার্ন জোনাল কালচারেল সেন্টারের প্রোগ্রাম অফিসার কুনাল ঘোষ। কর্মশালায় গুরু হিসেবে চঙপ্রেং বাদ্যযন্ত্র শেখানোর প্রশিক্ষণ দেবেন বিশিষ্ট চঙপ্রেং শিল্পী সূর্যকুমার দেববর্মা। কর্মশালায় ৮ জন শিষ্য অংশ নিয়েছে।
